দৈনিক
ইত্তেফাক

তারিখ: 13 MAR 2016
পৃষ্ঠা: 8 কলাম: 4-6

# এমপিওভুক্তির দাবিতে আজ থেকে আইসিটি শিক্ষকদের ধর্মঘট

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকরা ক্লাস বর্জন করে ধর্মঘটের কর্মসূচি পালন করবে। জাতীয় প্রেসক্লাবের সামনে আজ সকাল ১০টায় এই ধর্মঘট শুরু করবে।

২০১১ সালে ১৩ নভেম্বর এক পরিপত্রের মাধ্যমে আইসিটি শিক্ষকদের এমপিও স্থগিত করা হয়। এরপর আর এ বিষয়ে কোন সিদ্ধান্ত নেয়া হয়নি।

আইসিটি শিক্ষকরা বলেন, সরকার কম্পিউটার শিক্ষকদের বেতন ভাতা না দিয়ে ডিজিটাল বাংলাদেশ করতে চায়। স্কুল শিক্ষার্থীদের কম্পিউটার ও আইসিটিতে পরিপূর্ণ জ্ঞান দিতে হলে শিক্ষকদের ক্লাসে শতভাগ মনযোগী হতে হয়। কিন্তু আইসিটি শিক্ষকদের পেটে ক্ষুধা রেখে ও সংসারের অন্ন বস্ত্রের সংস্থান নিশ্চিত না করে তা করা সম্ভব নয়। শিক্ষকদের অভিযোগ, মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষকরা শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের পাঠদান করছেন। কিন্তু কোনো বেতন ভাতা পাচ্ছেন না তারা। অনেক সময় নিজেদের টাকা ব্যয় করেই মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরি করতে হয়।